JAN. 9 – 2001

৮ ... ৪

# ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের নিকট হইতে তাহাদের ছেলেমেয়েদের জন্য নির্ধারিত ফরমে ২০০০-২০০১ সালের শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান করিয়াছে। আগামী ২৮ ফেব্রুয়ারীর মধ্যে এই আবেদন নিজ নিজ অফিসে প্রদানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌছাইতে হইবে। কন্টিনজেন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যাহারা একনাগাড়ে পাঁচ বছর বা তদূর্ধ্বকাল চাকুরীতে নিয়োজিত আছেন তাহারা সন্তানদের শিক্ষা বৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

কিন্তু ডাক, তার, দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারিগণ আবেদন করিতে পারিবেন না। ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারিগণ প্রাথমিক শিক্ষা ছাড়া যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করিতে পারিবেন। তবে তাহাদের সন্তানদের পূর্ববর্তী মাসিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে গড়ে ৪০ নম্বর থাকিতে হইবে। প্রত্যেক অধিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয় এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা নেয়া হইয়াছে।

—তথ্যবিবরণী